



## জাতির প্রত্যাশা পূরণে শক্তিশালী সংসদ প্রয়োজন স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

সংসদের অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণ দেওয়ার সাংবিধানিক বিধান রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, রাষ্ট্রপতি কেবল একজন ব্যক্তি নন, এটি একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান।

শুক্রবার (৬ মার্চ) গুলশানে দলের চেয়ারম্যানের কার্যালয়ে দলীয় সংসদ সদস্যদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান সংসদকে একটি কার্যকর ও স্মরণীয় সংসদে পরিণত করার লক্ষ্য রয়েছে। জাতি এ সংসদের কাছ থেকে অনেক প্রত্যাশা করে। ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের যে আশা-আকাঙ্ক্ষা তৈরি হয়েছে, তা বাস্তবায়নে জাতীয় সংসদকে আরও শক্তিশালী ভূমিকা রাখতে হবে।

ডেপুটি স্পিকার প্রসঙ্গে তিনি বলেন, বিরোধীদের কাছে লিখিতভাবে এ পদে প্রস্তাব দেওয়ার কোনো বিধান নেই। তবু সরকার উদারতার পরিচয় দিয়ে প্রস্তাব দিয়েছে। এ ক্ষেত্রে জামায়াতের পক্ষ থেকেও ইতিবাচক সাড়া আশা করা যায় বলে মন্তব্য করেন তিনি।